# WEST BENGAL COMPREHENSIVE AREA DEVELOPMENT CORPORATION

(Under Panchayats and Rural Development Department, Government of West Bengal)

## BERHAMPORE PROJECT

Vill.:- Bhakuri, P.O.:- Chaltia, Dist.:- Murshidabad, PIN:- 742407

Phone:- 03482-224737, email Id:- berhampore.cadc@gmail.com

www.wbcadc.com @hqwbcadc @Thecadchq

সত্যমেব জয়তে
Government of West Bengal
পশ্চিমবঙ্গ সরকার


**Memo No.:-** 009/058/25/13/Vermi-Compost – PM-RKVY-(26-27)/**830**, **Dated:-** 10.08.2026

# বিজ্ঞপ্তি

এতদ্বারা পশ্চিমবঙ্গ সামগ্রিক অঞ্চল উন্নয়ন পর্ষদ, **বহরমপুর প্রকল্প এলাকার** অন্তর্গত সমস্ত স্বনির্ভরগোষ্ঠী (SHG), যৌথ দায়বদ্ধতা দল (JLG) এবং কৃষক উৎপাদক সংস্থা (FPC)-সমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা (Pradhan Mantri Rashtriya Krishi Vikas Yojana – PM-RKVY)**-র অধীনস্থ ২০২৬-২৭ অর্থবর্ষে **"স্থায়ী কেঁচো সার উৎপাদন ইউনিট স্থাপন" (Permanent Vermicompost Unit)**-এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় আগ্রহী ও উপযুক্ত দলসমূহের নিকট হতে নির্ধারিত প্রপত্রে আবেদন আহ্বান করা হচ্ছে।

## ১.) প্রকল্পের বিবরণী ও আর্থিক রূপরেখা:-

**প্রকল্পের নাম: "স্থায়ী কেঁচো সার উৎপাদন ইউনিট স্থাপন" (Permanent Vermicompost Unit)**-এর (PM-RKVY ২০২৬-২৭)।

**অনুমোদিত ইউনিট ব্যয়:** ₹ ১,০০,০০০/- (এক লক্ষ টাকা মাত্র) প্রতি ০১ (এক) ইউনিটের জন্য।

**প্রতিটি ইউনিটের নির্ধারিত পরিমাপ:-** ৩১ ফুট X ৮ ফুট X ২.৫ ফুট ।

**সরকারি ভর্তুকি (PM-RKVY Subsidy):** ₹ ৫০,০০০/- (৫০% সরকারি অনুদান)। (সর্বাধিক)

**উপকারভোগী দলের নিজস্ব অংশ (Beneficiary Contribution):** ₹ ৫০,০০০/- (৫০% দলীয় সংস্থান/ বিনিয়োগ)।

## ২.) আবেদনের যোগ্যতা ও আবশ্যিক শর্তাবলি:-

**দলীয় পরিচিতি:** আবেদনকারী দলকে অবশ্যই সরকারি নিবন্ধীকরণপ্রাপ্ত ও সক্রিয় SHG / JLG / FPC হতে হবে।

**জমি/স্থানের শর্ত:** দলের নিজস্ব অথবা বৈধভাবে ব্যবহারের অধিকারযুক্ত উপযুক্ত স্থান থাকতে হবে, যেখানে স্থায়ী কেঁচো সার উৎপাদন ইউনিট স্থাপন করা সম্ভব এবং স্থানটি জল জমে না এমন ও উপযুক্ত হতে হবে।

**জৈব উপাদানের প্রাপ্যতা:** কেঁচো সার উৎপাদনের জন্য প্রয়োজনীয় গোবর, কৃষিজ বর্জ্য, জৈব আবর্জনা ও অন্যান্য উপযুক্ত জৈব উপাদানের পর্যাপ্ত প্রাপ্যতা থাকতে হবে।

**অভিজ্ঞতা:** জৈব সার, কেঁচো সার উৎপাদন অথবা কৃষি সংক্রান্ত কাজে পূর্ব অভিজ্ঞতা বা আগ্রহ রয়েছে এমন দলকে অগ্রাধিকার দেওয়া হবে।

**আর্থিক লেনদেন:** দলের নামে সক্রিয় ব্যাংক অ্যাকাউন্ট এবং স্বচ্ছ আর্থিক লেনদেনের রেকর্ড থাকা বাধ্যতামূলক।

**প্রকল্প বাস্তবায়ন:** নির্ধারিত সময়ের মধ্যে সরকারি নিয়ম ও নির্দেশিকা অনুযায়ী স্থায়ী কেঁচো সার উৎপাদন ইউনিট স্থাপন এবং কার্যকরভাবে ব্যবহার করার সম্মতি থাকতে হবে।

10/08/2026

## ৩.) আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে প্রয়োজনীয় নথিপত্র:-

প্রকল্পে অংশগ্রহণের বিষয়ে দলের সর্বসম্মত সিদ্ধান্তমূলক রেজোলিউশন কপি।

SHG / JLG / FPC-এর রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং ব্যাংক পাসবুকের প্রথম পাতার সত্যায়িত প্রতিলিপি।

স্থায়ী কেঁচো সার উৎপাদন ইউনিট স্থাপনের জন্য প্রস্তাবিত জমির হাল খতিয়ান/পরচা অথবা বৈধ লিজ ডিডের (Lease Deed) সত্যায়িত প্রতিলিপি (XEROX)।

দলনেতাসহ সকল সদস্যের আধার ও ভোটার পরিচয়পত্রের প্রতিলিপি (XEROX)।

SHG / JLG / FPC কর্তৃক নিজস্ব প্যাডে যথাযথভাবে প্রস্তুতকৃত আবেদনপত্রের সঙ্গে সংযুক্তি-।-তে প্রদত্ত নির্ধারিত তথ্যসমূহ পূরণপূর্বক দাখিল করতে হবে।

## ৪.) আবেদনপত্র জমা দেওয়ার সময়সীমা ও স্থান:-

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ:- ২৪ শে আগস্ট, ২০২৬ (সোমবার) (বিকাল ৪:০০ টা পর্যন্ত)।

আবেদনপত্র খোলার তারিখ:- ২৪ শে আগস্ট, ২০২৬ (সোমবার) (বিকাল ৪:৩০ টা )।

আবেদনপত্র জমা দেওয়ার স্থান ও সময় :- পশ্চিমবঙ্গ সামগ্রিক অঞ্চল উন্নয়ন পর্ষদ, বহরমপুর প্রকল্প কার্যালয়, সময় :- সকাল ১০:১৫ মিনিট থেকে বিকাল - ০৫: ১৫ মিনিট পর্যন্ত।

## ৫.) বিশেষ দ্রষ্টব্য:-

নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র বিবেচনা করা হবে না।

আবেদনপত্র যাচাইকরণের পর সরকারি নিয়মাবলী অনুসরণ করে সম্পূর্ণ স্বচ্ছতার সঙ্গে চূড়ান্ত দল নির্বাচন করা হবে।

নির্বাচিত উপকারভোগী দলকে প্রকল্পের মোট ইউনিট ব্যয়ের ৫০% অর্থাৎ ₹ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) নিজস্ব অংশ হিসেবে বহন করতে হবে।

**বিজ্ঞপ্তি খোলার দিন আবেদনকারী অথবা আবেদনকারীর জনপ্রতিনিধি উপস্থিত থাকতে পারেন।**
**PM-RKVY প্রকল্পের নির্দেশিকা ও সরকারি নিয়মাবলী অনুযায়ী সরকারি ভর্তুকির অর্থ প্রদান করা হবে।**

**ধন্যবাদান্তে-**

10/08/026.

ভারপ্রাপ্ত আধিকারিক
পশ্চিমবঙ্গ সামগ্রিক অঞ্চল উন্নয়ন পর্ষদ
বহরমপুর প্রকল্প, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ

**Memo No.:-** 009/058/25/13/Vermi-Compost – PM-RKVY-(26-27)/**830/1(7),** **Dated:-** 10.08.2026

**Copy to Forwarded for information to:-**

1. The Administrative Secretary, WBCADC, (H.Q.), Kol-700064.
2. The Officer-In-Charge, Engineering Cell, WBCADC, (H.Q.), Kol-700064.
3. The In-Charge, RKVY Cell, WBCADC, (H.Q.), Kolkata-700064.
4. The In-Charge, Agriculture Sec. WBCADC, (H.Q.), Kol-700064.
5. The J.T.O (Ag.) of this Project.
6. The J.T.O. (Engineer) & Nodal Officer, RKVY Section of this Project.
7. Account Section of this Project.

10/08/026.

ভারপ্রাপ্ত আধিকারিক
পশ্চিমবঙ্গ সামগ্রিক অঞ্চল উন্নয়ন পর্ষদ
বহরমপুর প্রকল্প, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ

# সংযুক্তি-I (Annexure-I)

## আবেদনকারী SHG / JLG / FPC-এর তথ্য ও বিবরণী প্রফর্মা

**(SHG / JLG / FPC কর্তৃক পূরণ করে আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে)**

---

**১. SHG / JLG / FPC-এর নাম:-** ..........................................................................

**২. SHG / JLG / FPC-এর ঠিকানা:-**
গ্রাম: ....................................................
পোঃ ........................................................
থানা: .....................................................
জেলা: .....................................................

---

## আবেদনকারীর ব্যক্তিগত বিবরণ

**৩. আবেদনকারীর নাম:** ..........................................................................

**৪. পিতা/স্বামীর নাম:** ..........................................................................

**৫. জন্ম তারিখ:** ..........................................................................

**৬. লিঙ্গ:**
☐ অন্যান্য ☐ মহিলা ☐ পুরুষ

**৭. আবেদনকারীর সম্পূর্ণ ঠিকানা:**
গ্রাম: ....................................................
পোঃ ........................................................
থানা: .....................................................
জেলা: .....................................................

**৮. আধার কার্ড নং:** ..........................................................................

**৯. ভোটার কার্ড নং:** ..........................................................................

**১০. মোবাইল নং:** ..........................................................................

---

## জমির বিবরণ

**১১. মোট জমির পরিমাণ (একর):** ..........................................................................

**১২. জমির ধরন:**
☐ লিজ/ইজারা জমি ☐ নিজস্ব জমি

৩. জমির বিস্তারিত বিবরণ:

| ক্রমিক নং | দাগ নং | খতিয়ান নং | জমির পরিমাণ (একর) | জমির ধরন (নিজস্ব/লিজ) |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |
| ৩ | | | | |

আবেদনকারীর স্বাক্ষর: ....................................

আবেদনকারীর নাম: ....................................

তারিখ: ....................................

স্থান: ....................................